

[জাতীয় সংসদে উত্থাপনীয়]

The Evidence Act, 1872 এর অধিকতর সংশোধনকল্পে আনীত
বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে The Evidence Act, 1872 (Act No. 1 of 1872) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন। - (১) এই আইন The Evidence (Amendment) Act, 2021 নামে অভিহিত হইবে।

(২) এই আইন অবিলম্বে কার্যকর হইবে।

২। **Act No. 1 of 1872** এর **Section 53** এর সংশোধন।- The Evidence Act 1872 (Act No. 1 of 1872) এর Section 53 এর পর নিম্নলিখিত নূতন 53 (A) উপ-ধারাটি সংযোজন করিতে হইবে।

“53 (A). Evidence of character and past sexual history when not relevant –The evidence about the character of the complainant and their past sexual experiences with any person other than the accused during trial of offences under sections 9 and 10 of the Nari o Shishu Nirjatan Daman Ain 2000, and/or Sections 354, 375, 376, 493 and 509 of the Penal Code 1860 and attempts to commit these offences shall not be admissible.”

৩। **Act No. 1 of 1872** এর **Section 146(3)** এর সংশোধন।- The Evidence Act 1872 (Act No. 1 of 1872) এর Section 146 এর উপ-ধারা (3) এর পর নিম্নলিখিত নূতন 146 (3)(A) উপ-ধারাটি সংযোজন করিতে হইবে।

“146 (3)(A) It shall not be lawful to raise questions about the complainant’s past sexual experiences with persons other than the accused and questions intended to injure the character of the complainant during trial of offences under Sections 9 and 10 of the Nari o Shishu Nirjatan Daman Ain 2000 and Sections 354, 375, 376, 493 and 509 of the Penal Code, 1860, and attempts to commit these offences during the cross examination.”

৪। **Act No. 1 of 1872** এর **Section 150** এর সংশোধন।- The Evidence Act 1872 (Act No. 1 of 1872) এর Section 150 এর পর নিম্নলিখিত নূতন 150 (A) উপ-ধারাটি সংযোজন করিতে হইবে।

“150 (A). The Court shall ensure that complainants of the offences under Sections 9 and 10 of the Nari o Shishu Nirjatan Daman Ain 2000 and

Sections 354, 375, 376, 493 and 509 of the Penal Code, 1860, and complianants of attempts to commit these offences, are not subjected to questions about their character and past sexual history with any person other than the accused.

If the Court is of the opinion that any Advocate has raised questions to any witness in contravention of Section 53A and Section 146(3)(A) of this Act then it shall report such contravention to the High Court Division or any other competent authority to which such Advocate is subject in the exercise of his profession, and recommend that appropriate disciplinary be taken against him.

৫। Act No. 1 of 1872 এর section 155 এর সংশোধন।- The Evidence Act 1872 (Act No. 1 of 1872) এর Section 155 এর উপ-ধারা (4) বিলুপ্ত হইবে।

উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

সুবিচার প্রত্যাশী ধর্ষণের শিকার নারীকে উন্মুক্ত আদালতে তার অতীত চরিত্র ও যৌন ইতিহাস সম্পর্কে অসম্মানজনক ও অপ্রয়োজনীয় বিভিন্ন প্রশ্নের সম্মুখীন হতে হয়। ফলে ধর্ষণের শিকার নারী বিচার পেতে আইনের দারস্থ হয় না বা বিচারে অগ্রহ হারিয়ে ফেলে। তাই অভিযুক্তকে অনেক ক্ষেত্রে বিচারের মুখোমুখি করা যায় না বা অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে নিরংকুশভাবে অপরাধ প্রমাণ করা যায় না।

এছাড়া সাক্ষ্য আইনের ১৫৫ (৪) ধারা আসামী পক্ষের আইনজীবীকে উন্মুক্ত আদালতে ধর্ষণের শিকার নারীকে ‘চরিত্রহীন’ প্রমাণ করার জন্য চারিত্রিক সততা নিয়ে নানা ধরনের অসৌজন্যমূলক মন্তব্য করার সুযোগ করে দেয়, যা অত্যন্ত অপমানকর ও বৈষম্যমূলক এবং ধর্ষণ সংক্রান্ত অপরাধ প্রমাণের ক্ষেত্রে সম্পূর্ণ অপ্রাসঙ্গিক।

ধর্ষণ অপরাধ প্রমাণের মূল উপাদান ‘সম্মতি’ কে গুরুত্ব না দিয়ে অনেক ক্ষেত্রে ধর্ষণের শিকার নারীর ‘চরিত্র’ ও ‘অতীত যৌন ইতিহাস’ কে গুরুত্ব দেয়া হয় যার সুযোগ পায় অভিযুক্ত ব্যক্তি।

মামলার সময় ও বিষয়বস্তুর সাথে যদি অভিযুক্তের সাথে অভিযোগকারিনীর পূর্ব যৌন সম্পর্কের ইতিহাসের কোন রূপ প্রাসঙ্গিকতা না থাকে; তবে এ বিষয়ক কোন প্রশ্ন করা হবে/যাবে না - এ বিষয়টি নিশ্চিত করার জন্য সাক্ষ্য আইনের ৫৩, ১৪৬ ও ১৫০ ধারাসমূহের অধীনে এ সংশ্লিষ্ট একটি উপধারা সংযোজন করতে হবে।

জেন্ডার সমতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং বৈষম্যমূলক বিধি-বিধান বাতিল করে ধর্ষণের শিকার নারীর ন্যায়বিচার প্রাপ্তিতে The Evidence Act, 1872 (Act No. 1) এর ১৫৫ (৪) ধারা বিলুপ্তকরণের পাশাপাশি উপরোল্লিখিত উপ-ধারাসমূহের সংযোজন সমীচীন ও প্রয়োজনীয়।